# একটোলিন

**ব্রঙ্কোডায়লেটর**

**ট্যাবলেট এবং সিরাপ**

### উপস্থাপন

**একটোলিন ট্যাবলেট:** প্রতিটি ট্যাবলেটে রয়েছে সালবিউটামল সালফেট বিপি যা সালবিউটামল ৪ মিগ্রা এর সমতুল্য।

**একটোলিন সিরাপ:** প্রতি ৫ মিলি সিরাপে রয়েছে সালবিউটামল সালফেট বিপি যা সালবিউটামল ২ মিগ্রা এর সমতুল্য।

### নির্দেশনা

হাঁপানী এবং শ্বাসনালীর সংকোচন জনিত যেকোন উপসর্গে নির্দেশিত।

### মাত্রা ও সেবনবিধি

একটোলিন ট্যাবলেট ও সিরাপ সাধারণত দৈনিক ৩-৪ বার নিম্নলিখিত মাত্রায় অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

<u>সিরাপঃ</u>

- ১২ বছরের উর্ধ্বে: ৫-১০ মিলি সিরাপ
- ৬-১২ বছর: ৫ মিলি সিরাপ
- ২-৬ বছর: ২.৫ মিলি সিরাপ

<u>ট্যাবলেট:</u> ২-৪ মিগ্রা

### প্রতিনির্দেশনা

বিটা বকার ওষুধ যথা প্রোপ্রানোলল এর সাথে একত্রে ব্যবহার করা যাবে না। সালবিউটামল বা এর যেকোন উপাদানের প্রতি অতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

### পার্শ্ব প্রতিক্রিয়া

কোন কোন রোগীর স্কেলিটাল মাংশপেশীতে মৃদু কাঁপুনি, বুক ধড়ফড় করা অথবা পেশী সংকোচন হতে পারে। অতি মাত্রায় সেবনের ফলে ট্যাকিকার্ডিয়া, মাথাব্যথা অথবা মুখের মাংশপেশীর সংকোচন হতে পারে।

### সতর্কতা

যে সকল রোগীর শ্বাসযন্ত্রের খিচুঁনি জনিত সমস্যা রয়েছে তাদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। যে সকল রোগীরা হাইপারথাইরোইডিজম, হৃদরোগ, হাইপারটেনশন অথবা ডায়বেটিক রোগে ভূগছেন তাদের ক্ষেত্রে সতর্কতার সাথে সালবিউটামল ব্যবহার করা যেতে পারে। অতি মাত্রার সেবনের ফলে অনিয়মিত হৃদস্পন্দনের প্রবণতা বেড়ে যাওয়ার ঝুঁকি থাকে।

### গর্ভবস্থায় এবং দুগ্ধদানকালে

গর্ভাবস্থায় প্রথম তিন মাসে একটোলিন ব্যবহার করা যাবে না। পরবর্তীতে ডাক্তারের পরামর্শ অনুযায়ী সেব্য।

### বাণিজ্যিক মোড়ক

**একটোলিন ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে ১০ X ১০ টি ট্যাবলেট বিষ্টার স্ট্রীপে।

**একটোলিন সিরাপ:** প্রতিটি বাক্সে রয়েছে ৬০ মিলি/১০০ মিলি সিরাপ PET বোতলে।

***প্রস্তুতকারকঃ***

**গোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**

নোয়াখালী, বাংলাদেশ